Total number of pages – 8

**CODE : 35T MBEN**

MAHESH CHANDRA DEV GOSWAMI LIBRARY
Date...............
Nowgong Girls' College

# 2025

# BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

| | | |
|---|---|---|
| *Q. No.* ***1*** *carries* ***1*** *mark each* | 1 + 1 | = 2 |
| *Q. No.* ***2*** *carries* ***1*** *mark each* | 1 × 10 | = 10 |
| *Q. No.* ***3*** *carries* ***2*** *marks each* | 2 + 2 | = 4 |
| *Q. No.* ***4*** *carries* ***3*** *marks each* | 3 + 3 | = 6 |
| *Q. No.* ***5*** *carries* ***3*** *marks each* | 3 × 4 | = 12 |
| *Q. No.* ***6*** *carries* ***3*** *marks each* | 3 × 3 | = 9 |
| *Q. No.* ***7*** *(ক+খ) carries* ***4*** *marks each* | 4 × 2 | = 8 |
| *Q. No.* ***8*** *(ক+খ) carries* ***9*** *marks* | 4 + 5 | = 9 |
| *Q. No.* ***9*** *(ক+খ) carries* ***10*** *marks* | 5 + 5 | = 10 |
| *Q. No.* ***10*** *carries the following marks* | | |
| (ক) | 1 × 4 | = 4 |
| (খ) | 2 × 4 | = 8 |
| (গ) | 2 × 3 | = 6 |
| (ঘ) | 1 + 1 | = 2 |
| *Q. No.* ***11*** *carries* ***10*** *marks* | 10 × 1 | = 10 |
| | Total | = 100 |

১। অর্থ লেখো ঃ ১+১=২

(ক) শৈবাল *অথবা* ভামিনী

(খ) খর্বাকার *অথবা* অর্বাচীন

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ *(যে-কোনো দশটি)* ১×১০=১০

(ক) কোন্ পর্যায়ের পদের জন্য গোবিন্দ দাস বিখ্যাত ?

(খ) 'জীবন স্বরূপা সে স্বামীর শিরোমণি' — জীবন স্বরূপা কে ?

(গ) 'তোমার ________ আর আমার শিলাবতী'। (শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) বাংলা সাহিত্যে প্রথম সার্থক বাংলা নাটক কার লেখা ?

(ঙ) রাজভিখারী বলতে কাকে চিহ্নিত করা হয়েছে ?

(চ) কে ভাস রচিত 'স্বপ্নবাসবদত্তা'র অনুবাদ করেছিলেন ?

(ছ) নসীবাবুর কন্যার নাম কী ?

(জ) 'হিন্দু মেলার' অন্যতম কর্মকর্তা কে ছিলেন ?

(ঝ) লক্ষ্মীনাথ বেজবরুয়ার রচিত দু-খানি ছোট গল্প সংকলনের নাম লেখো।

(ঞ) আজকাল কিসের দ্বারা সব অসাধ্য সাধন হচ্ছে ?

(ট) নারানী কে ?

(ঠ) আনন্দমোহন গুপ্ত কোন্ পেশার সাথে যুক্ত ছিলেন ?

(ড) গোঁসাইগঞ্জের ইস্কুল মাষ্টারের নাম কী ছিল ?

(ঢ) কৈশোরকালকে স্ট্যানলি হল কী রকম কাল বলে মনে করেন ?

(ণ) 'মূল্যবোধ' প্রবন্ধে লেখক কাদের ভবিষ্যৎ নাগরিক বলেছেন ?



৩। সংক্ষেপে লেখো ঃ ২+২=৪

(ক) "সন্ধ্যার কিছু পূর্বে গন্তব্য স্থানে পৌঁছানো গেল।"

— বক্তা কে ? তিনি সেখানে কেন গিয়েছিলেন ?

*অথবা*

"হঠাৎ নজরে পড়িল একটা লোক মুখ গুঁজে মাঠের মাঝখানে পড়ে আছে...."

লোকটি কে ? সে কেমন অবস্থায় ছিল ?

(খ) সোয়ার্জ কী আবিষ্কার করেছিলেন ? সেটির ব্যবহার সার্থক হয়েছিল কিনা বুঝিয়ে বলো।

*অথবা*

"যাঁহারা ভীরু তাঁহারাই বহু ব্যর্থ সাধনা ও মৃত্যু ভয়ে পরাঙ্মুখ হইয়া থাকেন"

— লেখক ভীরু ও বীরপুরুষ সম্পর্কে কী মতামত পোষণ করেছেন উদাহরণসহ লেখো।

৪। টীকা লেখো ঃ ৩+৩=৬

(ক) বাবুসা'ব *অথবা* হরিহোড়

(খ) বনফুল *অথবা* শ্রীমন্ত শংকরদেব

৫। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৪=১২

(ক) "আজি কালি ফুটিবে"

— কে কাকে বলেছে ? কথাটির নিহিতার্থ কী ?

(খ) জ্যোতিদাদা কে ? তাঁর স্বাদেশিক পোষাকের বর্ণনা দাও।

(গ) 'ঠিক আছে ভাই ঘুম এসো'

— বক্তা কে ? কাকে ঘুমানোর কথা বলা হয়েছে ? কেন ?

(ঘ) 'ফুলের বিবাহ' প্রবন্ধে কল্পনা এবং বাস্তব কোথায় এসে এক হয়েছে বুঝিয়ে দাও।

(ঙ) 'আমার জীবনস্মৃতি' পাঠটির সাহায্যে সেকালে অসমে বাংলাভাষা সংস্কৃতির যে প্রভাব পড়েছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

(চ) "কিন্তু উভয় গ্রামের লোকই ইংরেজিতে সম্পূর্ণ অনভিজ্ঞ। সুতরাং যাহাতে জয়-পরাজয় সম্বন্ধে কাহারও মনে কিছুমাত্র সংশয় না থাকে এমন একটি সরল বিচার প্রণালী স্থির করা আবশ্যক" — এই সরল বিচার প্রণালীটি কী ?

৬। *যে-কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) "স্বপ্নে তব কুললক্ষ্মী কয়ে দিলা পরে —
ওরে বাছা, মাতৃকোষে রতনের রাজি,"

—বাছা কে ? 'মাতৃকোষে রতনের রাজি' বলতে কী বোঝানো হয়েছে ?

(খ) "তোমায় কেন দিইনি আমার সকল শূন্য করে ?"

—কে কাকে সমস্ত কিছু শূন্য করে দেয়নি ? এরূপ মনে হওয়ার কারণ দেখাও।

(গ) "তোমার ভাবনার বাতাস আমার ভাবনার বাগানে ফুল ফোটায়"

— তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) গীতি কবিতা কাকে বলে ? দুটি বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঙ) 'অভিসারের পূর্বপ্রস্তুতি' কবিতায় কবি রাধিকার অভিসারের প্রস্তুতির যে চিত্রটি তুলে ধরেছেন তা অতিসংক্ষেপে বর্ণনা করো।

৭। উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) মূল্যবোধ কাকে বলে ? কয়েকটি বিশ্বজনীন মূল্যবোধের উল্লেখ করে 'বিশ্বজনীন' বলার কারণ বুঝিয়ে দাও।



*অথবা*

"শিক্ষার অন্যতম উদ্দেশ্য মূল্যবোধ সৃষ্টি করা"

— লেখক কেন মূল্যবোধ সৃষ্টির প্রয়োজনীয়তা উপলব্ধি করেছেন ব্যাখ্যা করো।

(খ) "সংঘাতপূর্ণ কৈশোরকালের কিশোর-কিশোরীদের সুযোগ্য সফল ব্যক্তি হিসাবে গড়ে তুলতে আমাদের প্রয়োজন এক আদর্শ শিক্ষা পদ্ধতি —"

— 'আদর্শ শিক্ষা পদ্ধতি' বিষয়ে লেখকের বক্তব্য স্পষ্ট ভাষায় লেখো।

*অথবা*

কৈশোরকালের মানসিক ও নৈতিক বিকাশের বিস্তারিত বর্ণনা দাও।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ ৪+৫=৯

(ক) "কু-কথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ।"

*অথবা*

"চোখ ফেটে এল জল,
এমনি ক'রে কি জগৎ জুড়িয়া মার খাবে দুর্বল ?"

(খ) "আড়াই মণ কাঠ কাটলো সে ভাতের হুতাশে।"

*অথবা*

"—এমন নিদারুণ নিষ্করুণ রূপ লইয়া এই
প্রিয় নদীটি আর কোনদিন তার চোখে পড়ে নাই"।

৯। নীচের প্রশ্নগুলোর উত্তর দাও ঃ ৫+৫=১০

(ক) ‘খরা’ কবিতাটির মর্মার্থ বিশ্লেষণ করো।

*অথবা*

“তবু ফুটাতেছে ফুল, জ্বালিছ আলোক
উজলিয়া রাত্রিদিন দ্যুলোকে ভূলোক।”

— প্রসঙ্গ উল্লেখ করে কবির বক্তব্য সুন্দরভাবে বুঝিয়ে লেখো।

(খ) “পরদিন শোনা গেল হারাণ মাষ্টার নন্দীপুর ত্যাগ করিয়া চলিয়া গিয়াছে”।

— যে ঘটনা এই পরিণতি ডেকে এনেছে তা সংক্ষেপে বর্ণনা করো।

*অথবা*

‘সেই কচ্ছি ভদ্রলোক পাঠিয়েছেন’

— কচ্ছি ভদ্রলোকের পরিচয় দাও। তিনি কী পাঠিয়েছেন এবং কেন পাঠিয়েছেন বিশদে লেখো।

১০। নির্দেশানুসারে উত্তর দাও ঃ

(ক) নীচের ***যে-কোনো চারটি*** প্রবাদ প্রবচনের অর্থ লেখো ঃ ১×৪=৪

শাক দিয়ে মাছ ঢাকা ; সবুরে মেওয়া ফলে ; দিনে ডাকাতি ; গতস্য শোচনা নাস্তি ; এক মাঘে শীত যায় না ; উলুবনে মুক্তা ছড়ানো ; ঝোপ বুঝে কোপ মারা ; ছোড়া তির ফিরে না।

(খ) নীচের ***যে-কোনো চারটি*** বাগ্‌বিধির অর্থ সহ বাক্যরচনা করো ঃ ২×৪=৮

পথের কাঁটা; উভয় সংকট ; একাদশে বৃহস্পতি ; অন্ধকারে ঢিল মারা ; কান ভারী করা, ঠোঁট কাটা ; হাতে কলমে ; মাটির মানুষ।



(গ) নীচের ***যে-কোনো তিনটির*** ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ ২×৩=৬

স্মরণাতীত ; দশদিক ; আমরা ; বটবৃক্ষ ; পীতাম্বর ; উপকূল।

(ঘ) নীচের ***যে-কোনো দুটি*** শব্দের প্রতিশব্দ লেখো ঃ ১+১=২

তপন ; নন্দিনী ; আকাশ ; বৃষ্টি।

১১। ***যে-কোনো*** একটি বিষয়ে রচনা লেখো ঃ ১০

(ক) সমাজ কল্যাণে ছাত্রদের ভূমিকা

(খ) নিয়মানুবর্তিতা

(গ) বিশ্ব উষ্ণায়নের কারণ ও ফলাফল

(ঘ) সাহিত্য পাঠের প্রয়োজনীয়তা

———×———